

## 🗏 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭:৩৯

## 💵 আরবি মূল আয়াত:

قَالَ عِفرِيتٌ مِّنَ الجِنِّ اَنَا أَتِيكَ بِهِ قَبلَ اَن تَقُومَ مِن مَّقَامِكَ وَ إِنِّى عَلَيهِ لَقُوبَ مُن مَّقَامِكَ وَ إِنِّى عَلَيهِ لَا إِنِّى عَلَيهِ لَا إِنِّى عَلَيهِ لَقُومَ مِن مَّقَامِكَ وَ إِنِّى عَلَيهِ لَا إِنِّى عَلَيهِ لَا إِنِّالَ عَلَيهِ لَا إِنْ يَعْلَيهِ إِنْ إِنْ اللَّهُ عَلَيهِ إِنْ إِنْ اللَّهُ عَلَيهِ إِنْ إِنْ اللَّهُ لَا إِنْ اللَّهُ لَا إِنْ اللَّهُ لَا إِنْ اللَّهُ اللَّهُ إِنْ اللَّهُ اللَّهِ إِنْ إِنْ اللَّهُ اللّ

## 

এক শক্তিশালী জিন বলল, 'আপনি আপনার স্থান থেকে উঠার পূর্বেই আমি তা এনে দেব। আমি নিশ্চয়ই এই ব্যাপারে শক্তিমান, বিশ্বস্ত। — আল-বায়ান

এক শক্তিধর জ্বিন বলল- 'আপনি আপনার জায়গা থেকে উঠবার আগে আমি তা আপনার কাছে এনে দেব, এ কাজে আমি অবশ্যই ক্ষমতার অধিকারী ও আস্থাভাজন। — তাইসিক্রল

এক শক্তিশালী জিন বললঃ আপনি আপনার স্থান হতে উঠার পূর্বে আমি ওটা আপনার নিকট এনে দিব এবং এ ব্যাপারে আমি অবশ্যই ক্ষমতাবান, বিশ্বস্ত। — মুজিবুর রহমান

A powerful one from among the jinn said, "I will bring it to you before you rise from your place, and indeed, I am for this [task] strong and trustworthy." — Sahih International

৩৯. এক শক্তিশালী জিন বলল, আপনি আপনার স্থান থেকে উঠার আগেই আমি তা এনে দেব(১) এবং এ ব্যাপারে আমি অবশ্যই শক্তিমান, বিশ্বস্ত।(২)

- (১) সুলাইমান আলাইহিস সালামের নিয়ম ছিল যে, তিনি সকাল থেকে দুপুর পর্যন্ত রাষ্ট্র, বিচারকাজ ও খাওয়া দাওয়ার জন্য মজলিসে বসতেন। তাই জিনটি বলেছিল, আপনি সে বসা শেষ করার আগেই আমি সে সিংহাসনটি নিয়ে হাযির হব। [ইবন কাসীর]
- (২) অর্থাৎ আপনি আমার প্রতি আস্থা রাখতে পারেন, আমি নিজে তার কোন মূল্যবান জিনিস চুরি করে নেব না। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩৯) এক শক্তিশালী জীন বলল, 'আপনি আপনার বৈঠক[1] হতে উঠবার পূর্বে আমি তা এনে দেব[2] এবং এ ব্যাপারে আমি অবশ্যই ক্ষমতাবান, বিশ্বস্ত।' [3]



- [1] এখানে বৈঠক বা সভা বলতে বিচার সভাকে বুঝানো হয়েছে, যা বিচারের জন্য সকাল হতে দুপুর পর্যন্ত চলত।
- [2] এখান হতে বুঝা গেল যে, সে নিশ্চিতভাবে এক জীন ছিল। যাদেরকে মহান আল্লাহ মানুষের তুলনায় অসাধারণ শক্তি দান করেছেন। কেননা, সে যত শক্তিশালীই হোক না কেন, কোন মানুষের পক্ষে এ সম্ভব নয় যে, বায়তুল মাকদিস হতে ইয়ামানের সাবা' বা মা'রাব গিয়ে সিংহাসন তুলে আনবে এবং আসা-যাওয়ার তিন হাজার মাইল পথ ৩/৪ ঘণ্টার ভিতরে অতিক্রম করে নেবে। একজন মানুষ সে যতই শক্তির অধিকারী হোক না কেন, এত বিশাল সিংহাসন উঠানো সম্ভব নয়। আর যদি কোন কিছুর সাহায্যে উঠানো সম্ভব হয়েও থাকে, তবুও এত অল্প সময়ে এত দূর পথ অতিক্রম করা কোন ক্রমেই সম্ভব নয়।
- [3] অর্থাৎ, আমি উঠিয়ে আনতেও সক্ষম এবং ওর মধ্যে কোন কিছু রদ্-বদলও করব না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3198

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন